উপজেলা পরিষদ কার্যালয়

লালমনিরহাট সদর, লালমনিরহাট

বিষয় : উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের মাসিক সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী।

সভাপতি : জান্নাতআরা ফেরদৌস
প্রশাসক, উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

তারিখ : ২৩/১০/২০২৪খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, লালমনিরহাট সদর

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ৩১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

ক্র: নং	বিভাগ/দপ্তর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	স্বাস্থ্য ও প: প: অফিস	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার ৩৮টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ০৬ (ছয়)দিন সকাল ৯.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ২৭ প্রকার ঔষধ বিতরণ, ০৪টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে সপ্তাহে ৬ (ছয়) দিন জনসাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রয়েছে এবং মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের মাধ্যমে ২১৬ টি টিকাদান কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা প্রদানের পাশাপাশি সকল কার্যক্রম প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে আবহাওয়ার বৈরিতার কারণে বিশেষ করে বয়স্ক ও শিশুরা নিউমোনিয়া, হাপানি রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। অসুস্থ হলে বাড়িতে বিলম্ব না করে ডাক্তারের পরামর্শ গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী হাসপাতালে ভর্তি করতে হবে। তিনি সভায় আরো জানান যে, নারীদের জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধের উপর গুরুত্ব আরোপ করে সরকার এ বছর গত ২৪ অক্টোবর/২০২৪ তারিখ হতে ২৪ নভেম্বর/২০২৪ পর্যন্ত মাসব্যাপী এইচপিভি টিকাদান ক্যাম্পেইন শুরু করেছে। ক্যাম্পেইনে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের ৫ম থেকে ৯ম শ্রেণির ছাত্রীদের বিনামূল্যে এইচপিভি টিকা প্রদান করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে ১০ থেকে ১৫ বছর বয়সী মেয়েরা অনলাইনের www.vaxepi.gov.bd ঠিকানায় রেজিস্ট্রেশন করেও এই টিকা গ্রহণ করতে পারবে। উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ হতে স্থানীয় কিশোরী ক্লাব এবং বেসরকারি উন্নয়ন সহযোগী সংগঠনগুলোর পাশাপাশি প্রচার প্রচারনা কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি উপস্থিত সকল সদস্যগণকে এ বিষয়ে প্রচার প্রচারনাসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	১) এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু-কিশোর ও কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবতী মাকে রেজিষ্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। ২) ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে। ৩) এইচপিভি টিকাদান ক্যাম্পেইন জন্য প্রচার প্রচারনা বৃদ্ধি করতে হবে। এ উপজেলার কোন শিক্ষা প্রতিষ্ঠানের যেন নির্ধারিত বয়সের ছাত্রীরা এই টিকা গ্রহণ থেকে বঞ্চিত না হয় তা নিশ্চিত করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা
০২	কৃষি অফিস	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি আমন মৌসুমে ১৬৫৫০ হেক্টর জমিতে আমন ধান রোপন করা হয়েছে। রোপনকৃত আমন ধানের বর্তমান স্তর-ফ্লাঃ৩০%, মিলকিঃ ৩৬, ডাফঃ ৩২%, রাইপেনিং ০২%। আমন ধান ক্ষেতে সামান্য পরিমাণ খোল পঁচা রোগ ও কিছু পরিমানে গান্ধি পোকা দেখা যাচ্ছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত মাঠ ফসল পরিদর্শন এবং কৃষক পর্যায়ে এ সংক্রান্ত পরামর্শ প্রদান করছেন। বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। এছাড়া প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপা আমন ইতোপূর্বে ১৫০০জন, গ্রীষ্মকালীন পেঁয়াজ ১০০জন, মাসকলাই ১০০জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে প্রণোদনার বিতরণকৃত বীজ যেন কৃষকগণ যাথাযথ ভাবে রোপন ও চাষাবাদ করেন এ বিষয়ে মনিটরিং করা হচ্ছে।	১) চলতি মৌসুমে বিতরণকৃত কৃষি প্রণোদনার সার, বীজ যথাযথভাবে মাঠ পর্যায়ের কৃষরা যেন রোপন/চাষাবাদ করেন এ বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি কতে হবে। ২) সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা

CamScanner

০৩	প্রাণি সম্পদ অফিস	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে প্রাণী সম্পদ দপ্তর থেকে এ উপজেলায় প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ক্যাম্প করে গবাদিপশুর পিপিআর রোগের ভ্যাকসিন বিনামূলে প্রদান করা হচ্ছে। ভ্যাকসিন প্রদানের শেষ তারিখ আগামী ২৫ অক্টোবর/২০২৪। যদি কোন এলাকার গবাদিপশু এই ভ্যাসিনেশনের আওতায় না এসে থাকে উপজেলা প্রাণিসম্পদ অফিসে যোগাযোগ করলে ভ্যাকসিন প্রদান করা হবে। এ বিষয়ে মাঠ পর্যায়ে খামারিদের উদ্বুদ্ধ করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি সভায় আরো জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের পাশে অবস্থিত উপজেলা যুব উন্নয়ন অফিসের পুরাতন পরিত্যক্ত ভবনটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। সন্ধ্যার পর সেখানে বিভিন্ন নেশাগ্রস্থ লোকজনের আনাগোনা হয়ে থাকে। ভবনটি যতদ্রুত সম্ভব অপসারণ করা প্রয়োজন। এছাড়াও উপজেলা প্রাণিসম্পদ অফিসের প্রবেশদ্বারের প্রধান সড়ক উচু হওয়ায় অফিসের যাওয়া আসার রাস্তাটি অনেক নিচু হয়েগেছে। সামান্য বৃষ্টি হলেই অফিসের যাতয়াতের রাস্তাটিতে পানি ও কাদা জমে চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। তিনি সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে রাস্তাটি পুন:সংস্কারসহ উচু করনের দাবি জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে । পিপিআর রোগের ভ্যাক্সিনেশনের বিষয়ে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে। (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসের পুরাতন পরিত্যক্ত ভবনটি সরেজমিনে পরিদর্শনপূর্বক কনডেম ঘোষনার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। (খ) মূল রাস্তা হতে উপজেলা প্রাণিসম্পদ অফিসে যাতায়াতের রাস্তা সংস্কারসহ উচু করণের প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা উপজেলা প্রকৌশলী
০৪	মৎস্য অফিস	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	১) আগামী সভায় উপস্থিত থাকতে হবে। ২) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে। অবৈধ পদ্ধতিতে দেশীয় মাছ শিকাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।	সি: উপজেলা মৎস্য কর্মকর্তা
০৫	প্রাথমিক শিক্ষা অফিস	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। সোনাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ ইতোমধ্যে শেষ হয়েছে। তবে কোদালখাতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানের ক্ষেত্রে পার্শবর্তী লোকজনের সাথে ঠিকাদারে জায়গা নিয়ে জটিলতা সৃষ্টি হয় কাজ বন্ধ রয়েছে। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি'র) হস্তক্ষেপ কামনা করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	(ক) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। (খ) কোদালখাতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সরেজমিন পরিদর্শন অন্তে সীমানা প্রাচীর নির্মাণ সংক্রান্ত জটিলতা নিরসন করতে সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা অফিসার সহকারী কমিশনার ভূমি, লালমনিরহাট সদর/প্রধান শিক্ষক কোদালখাতা সরকারি প্রাথমিক বিদ্যালয়

চলমান পাতা-০৩

CamScanner

০৬	মাধ্যমিক শিক্ষা অফিস	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, লালমনিরহাট সদর উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৪ সালের ব্যানবেইস জরিপ কার্যক্রম চলমান আছে এবং শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৫ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা শুরু হয়েছে। ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ সমাপ্ত হয়েছে। জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্রিকেট ট্যালেন্ট হান্ট-২পর্ব কার্যক্রমের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। অক্টোবর/২০২৪ মাসে অনলাইনে মাদ্রাসা পর্যায়ের ১৭টি আবেদন এবং বিদ্যালয় পর্যায়ের ৫৬টি আবেদন উপজেলা পর্যায়ে পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৯টি আবেদন ত্রুটিপূর্ণ হওয়ায় সংশোধনপূর্বক প্রেরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট ফেরৎ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	(ক) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। (খ) জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের এইচপিভি টিকাদান নিশ্চিত করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।
৭	পরিবার পরিকল্পনা অফিস	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	১) নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানসহ আবাসন, গুচ্ছগ্রাম ও আদর্শগ্রাম প্রকল্পে পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। ২) মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
০৮	প্রকৌশল অফিস	(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি'র) ১ম কিস্তির ২৫,৫২,০০০/- (পচিশ লক্ষ বায়ান্ন হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী এ বছর সম্ভাব্য ১০,২০,৮,০০০/- (এক কোটি কুড়ি লক্ষ আট হাজার) টাকার এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিল এর স্থানান্তরিত ৪০০,০০,০০০/- (চার কোটি) টাকার প্রকল্প গ্রহণ করতে হবে। তিনি উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও অফিসারগণকে অত্যাবশকীয় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের প্রস্তাব প্রেরনের অনুরোধ জানান। (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ভবনটিতে উপজেলা কৃষি অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, পল্লিদারিদ্র বিমোচন অফিস ও পল্লিজীবিকায়ন অফিসের কার্যক্রম চলমান। দীর্ঘদিন ধরে কোন সংস্কার কাজ না হওয়ায় বর্তমানে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা দুরহ হয়ে পড়েছে। প্রয়োজনীয় সংস্কার করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর মহোদয়ের মৌখিক নির্দেশে সরেজমিন পরিদর্শন অন্তে ইতোমধ্যে ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় বর্ণিত প্রাক্কলন অনুমোদনের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় সংস্কারের জন্য একমত পোষন করেন।	(ক) চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং উপজেলা রাজস্ব উন্নয়ন প্রকল্পের অধীন উপজেলার অত্যাবশকীয় বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের প্রস্তাব প্রেরণ করতে হবে। (খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের পুরাতন ভবনটি সংস্কারের জন্য প্রস্তুতকৃত ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন করা হলো এবং বর্ণিত প্রাক্কলনটি স্থানীয় সরকার বিভাগের পুর্বানুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান/উপজেলা প্রকৌশলী উপজেলা প্রকৌশলী
৯	ত্রাণ অফিস	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	ইজিপিপি কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং বীর নিবাস নির্মাণ কাজের গুনগতমান নিশ্চিতকরাসহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১০	খাদ্য অফিস	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে লালমনিরহাট সদর এলএসডি এবং তিস্তা এলএসডি গোডাউনে পর্যাপ্ত ধান ও চাল মজুত রয়েছে। এছাড়া খাদ্যবান্ধব কর্মসূচির ৩০কেজি চাল বিতরণে নিয়োগকৃত ডিলারদের চুক্তি ৫ (পাঁচ) বছর অতিক্রম হওয়ায় নতুন ডিলার নিয়োগের কার্যক্রম শুরু করার নির্দেশনা রয়েছে। তবে বর্তমানের ডিলাররা চলতি অক্টোবর ও নভেম্বর ২০২৪ মাসের চাল বিতরণ করবেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ও এমএস কার্যক্রম নিয়মিতভাবে তদারকি করতে হবে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ডিলার নিয়োগ সম্পন্ন করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১১	সমাজসেবা অফিস	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	আগামী সভায় উপস্থিত থাকতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার

CamScanner

১২	নির্বাচন অফিস	সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, প্রায় ১২ লক্ষ রোহিঙ্গা আমাদের দেশে বিভিন্ন ভাবে তথ্য গোপন করে দেশের বিভিন্ন উপজেলায় ভোটার হওয়ার চেষ্টা করছে। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নাগরিক সনদ ও জন্ম সনদ প্রদানের বিষয়ে অধিক সতর্কতা অবলম্বন করতে অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	(ক)বিধিমোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ভোটার আইডি কার্ডের বয়স এবং নাম সংশোধনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নাগরিক সনদপত্র ও জন্ম সনদ প্রদানের ক্ষেত্রে অধিক সতর্কতা অবলম্ববন করতে হবে। পাশাপাশি ভোটার ফরম রেজিস্ট্রেশনের ক্ষেত্রে কোন প্রকার সন্দেহ হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকর্তৃক যাচাই করে নিতে হবে।	উপজেলা নির্বাচন কর্মকর্তা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ উপজেলা নির্বাচন কর্মকর্তা
১৩	শিক্ষা প্রকৌশল অফিস	উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	আগামী সভায় উপস্থিত থাকতে হবে।	উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
১৪	বন অফিস	উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	এ উপজেলায় অবৈধ করাতকলগুলোর তালিকা করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	ফরেস্টার, বন বিভাগ
১৫	বিআরডিবি অফিস	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	সার্টিফিকেট মামলাগুলো নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
১৬	মহিলা বিষয়ক অধিদফতর অফিস	প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনিধি সভায় জানান যে, দীর্ঘদিন বন্ধ থাকার পর ২০২৪-২০২৫ অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় অনলাইনে আবেদন কার্যক্রম শুরু হয়েছে। তিনি সভায় সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এ বিষয়ে প্রচার প্রচারনা অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	২০২৪-২০২৫ অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় অনলাইনে আবেদনের বিষয়ে প্রচার প্রচারনা চালাতে হবে।	প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদফতর/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকল
১৭	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অফিস	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, বর্তমানে এ উপজেলায় ৭৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ওয়াসব্লক নির্মাণ কার্যক্রম চলমান আছে। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ১০৮টি অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়ন পরিষদের আওতায় ১২টি করে টিউবওয়েল স্থাপন করা যাবে। তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দ্রুত তালিকা প্রেরন করার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	(ক) বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। নির্মানাধীন ওয়াস ব্লকসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজের গুনগতমান নিশ্চিত অন্তে কাজ শেষ করতে হবে। (খ) বিধি মোতাবেক প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগকে ১২টি করে টিউবওয়েল এর উপকারভোগীর নামের তালিকা প্রেরন করতে হবে।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সকল
১৮	যুব উন্নয়ন অধিদপ্তর অফিস	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	সরকারি নির্দেশনা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৯	পরিসংখ্যান অফিস	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	আগামী সভায় উপস্থিত থাকতে হবে।	উপজেলা পরিসংখ্যান ফিসার
২০	সমবায় অফিস	উপজেলা সমবায় অফিসার, লালমনিরহাট সদর সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	আগামী সভায় উপস্থিত থাকতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা

চলমান পাতা-০৫

CamScanner

২১	আনসার ও ভিডিপি অফিস	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	সরকারী নির্দশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ভিডিপি কর্মীদের বাল্য বিবাহ, নারি ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে। কোথাও কোন অপ্রীতিকর পরিস্থিতি/গুজবের সৃষ্টি হলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার ও পুলিশ প্রশাসনকে জানাতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
২২	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ অফিস	সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান যে, বর্তমানে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় এ উপজেলায় ২৩টি গভীর নলকূপ, এলএসপি-০২টি চালু আছে। এছাড়া ইআইআর প্রকল্পের আওতায় রাজপুর, কুলাঘাট, গোকুন্ডা এবং হারাটি ইউনিয়নে এলএসপি চালুর প্রস্তাব পাঠানো হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	মাঠ পর্যায়ে বরেন্দ্র কর্তৃক সেচ পাম্পগুলো যেন সচল থাকে তা সরজমিনে তদারকি করতে হবে।	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
২৩	তথ্য আপা প্রকল্প অফিস	উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।	আগামী সভায় উপস্থিত থাকতে হবে। ডোর টু ডোর সেবা প্রদান কার্যাবলী এবং উঠান বৈঠকে বালবিবাহ, নারী ও শিশু নির্যাতন, মাদক বিরোধী এজেন্ডা অন্তর্ভুক্ত করতে হবে।	উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প
২৫	বিবিধ	সভায় প্রশাসক, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ১৩/১০/২০০৯খ্রি. তারিখের উজে-২/এম-১৬/২০০২/৭০১ নং স্মারক পত্রে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ (থ) নং মোতাবেক দৈনিক চুক্তিতে (সরকারি ছুটিরদিন ব্যাতিত) জনাব সুবল চন্দ্র রায় মালি হিসেবে কর্মরত আছেন। কিন্তু বার্ধক্যজনিত কারণে তিনি মালি হিসেব এ উপজেলা পরিষদের কাঙ্কিত সেবা প্রদানে ব্যর্থ হচ্ছেন। বর্তমানে তার বয়স ৬৭ বছর। তার বার্ধক্যজনিত কারণে শারিরিক অক্ষমতায় দায়িত্ব হতে অব্যাহতির বিষয়টি ০৬ (ছয়) মাস পূর্বেই তাকে মৌখিকভাবে জানিয়ে দেওয়া হয়েছে। তিনি সভায় আগামী ১নভেম্বর ২০২৪ খ্রি. তারিখ হতে বর্ণিত মালি জনাব সুবল চন্দ্র রায় কে চুড়ান্ত ভাবে উপজেলা পরিষদের দৈনিক ভাতা চুক্তিতে মালী পদ থেকে অব্যাহতি প্রদানের প্রস্তাব করেন।	জনাব সুবল চন্দ্র রায়, মালি (দৈনিক চুক্তি ভিত্তিতে কর্মরত) কে বার্ধক্যজনিত কারণে শারিরিক অক্ষমতায় আগামী ১নভেম্বর ২০২৪ খ্রি. তারিখ হতে তার বকেয়া পাওয়া পরিশোধ অন্তে চুড়ান্ত ভাবে অব্যহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ভবিষ্যতে এ উপজেলা পরিষদের প্রয়োজন অনুযায়ী দক্ষ কর্মক্ষম কোন ব্যক্তিকে সরকার অনুমোদিত নির্ধারিত দৈনিক চুক্তিতে নিয়োগ করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১০/২০২৪

(জান্নাতআরা ফেরদৌস)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
লালমনিরহাট সদর, লালমনিরহাট

২৮/১০/২৪

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট
sadar.lalmonirhat.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৫২৫৫.০০০.০৫.০৭৪.২৪ - ১১৪৬ (৪০) তারিখ: ১২ কার্তিক ১৪৩১ / ২৮ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০২. জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৪. উপজেলা.................................অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
০৫. জনাব.................................লালমনিরহাট সদর, লালমনিরহাট।
০৬. সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর। তাকেঁ (সভার কার্যবিবরনীটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭. জনাব সুবল চন্দ্র রায়, আদর্শপাড়া, লালমনিরহাট সদর, লালমনিরহাট।

২৮/১০/২০২৪

জান্নাতআরা ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট
ফোন-০২৫৮৯৯৮৬৮৩৫ (অফিস)
unolalmonirhat@mopa.gov.bd

২৮/১০/২৪